উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২৯ তম কর্পোরেশন সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ জামাল মোস্তফা, প্যানেল মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
তারিখ : ০৮ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ || ২০ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ
সময় : সকাল ১১.০০ টা
স্থান : নগর ভবন, সেন্টার পয়েন্ট (লেভেল-৮), প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা

সভায় উপস্থিত কাউন্সিলরদের তালিকা পরিশিষ্ট “ক”

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি প্রধান নির্বাহী কর্মকর্তাকে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন। প্রধান নির্বাহী কর্মকর্তা উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করেন। এজেন্ডা ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচ্যসূচি-১	:	**২৮ নভেম্বর ২০১৮ তারিখ অনুষ্ঠিত ২৮তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণ প্রসঙ্গে।**
আলোচনা	:	গত ২৮ নভেম্বর ২০১৮ তারিখ অনুষ্ঠিত ২৮তম সভার কার্যবিবরণী দৃঢ়করণের লক্ষ্যে পরিবর্তন/পরিমার্জনসহ কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। কোন সংশোধনী প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।
সিদ্ধান্ত	:	২৮তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন	:	সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-২	:	**২৮তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি**
আলোচনা	:	সভায় ২৮তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করা হয় এবং গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকল বিভাগীয় প্রধান ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে আহ্বান জানানো হয়।
সিদ্ধান্ত	:	২৮তম কর্পোরেশন সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন	:	বিভাগীয় প্রধান (সকল)/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-৩	:	**মোহম্মদপুর টাউন হল কাউন্সিলর ভবন (৩য় তলা) ভাড়া/লীজ ভিত্তিতে বরাদ্দ প্রসঙ্গে।**
আলোচনা	:	প্রধান সম্পত্তি কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, মোহাম্মদপুর টাউন হল এর (৩য় তলা) জনস্বার্থে মাননীয় সংসদ সদস্য ঢাকা-১৩ এর স্থানীয় অফিস হিসেবে সাময়িক ব্যবহারের জন্য সাবেক ঢাকা সিটি কর্পোরেশন কর্তৃক এস্টেট/৭২৫ (১) ২০০৮-২০০৯ তারিখ-১২/০৩/২০০৯ খ্রিঃ স্মারকের মাধ্যমে অনুমতি দেয়া হয়েছিলো। বর্তমানে বর্ণিত জায়গা সাবেক সংসদ সদস্য এডভোকেট জাহাঙ্গীর কবির নানক কর্তৃক প্রতিষ্ঠিত সাইয়াম মেমোরিয়াল ফাউন্ডেশন বরাবর নির্ধারিত ভাড়ায় লীজ/ভাড়া প্রদানের জন্য আবেদন করেছেন। তিনি আরও উল্লেখ করেন যে, মোহাম্মদপুর টাউন হল এর বরাদ্দ সংক্রান্ত নথিটি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে রয়েছে। তিনি আরো বলেন, একই সাথে জনগণকে সেবা প্রদানের লক্ষ্যে ঢাকা-১৩ আসনের বর্তমান সংসদ সদস্য জনাব সাদেক খান উক্ত স্থানটি ব্যবহারের আবেদন করেছেন। এ প্রসংগে ২৯ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ নুরুল ইসলাম রতন বলেন, মোহাম্মদপুর টাউন হল এর (৩য় তলা) জনস্বার্থে মাননীয় সংসদ সদস্য ঢাকা-১৩ এর স্থানীয় অফিস হিসেবে সাময়িক ব্যবহারের জন্য বরাদ্দ প্রদান করা হয়েছিলো। ফলে বর্ণিত স্থানটি বর্তমান সংসদ সদস্য যত দিন সংসদ সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন ততদিন সংসদ সদস্য, ঢাকা-১৩ এর নামে শর্ত সাপেক্ষে বরাদ্দ প্রদান করা যায়। ওয়ার্ড-৩২ এর সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ হাবিবুর রহমান ২৯ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ নুরুল ইসলাম রতন এর বক্তব্যের সাথে একমত পোষণ করেন।

		সংরক্ষিত আসন-১২ এর সম্মানিত কাউন্সিলর ও প্যানেল মেয়র সদস্য জনাব আলেয়া সারোয়ার ডেইজী মোহাম্মদপুর টাউন হল এর ৪র্থ তলায় জনৈক ব্যক্তি একটি লাইব্রেরি করে অধিকাংশ জায়গা অপদখল করে আছে। তিনি অপদখল উচ্ছেদ এবং কমন বারান্দাসহ সংরক্ষিত আসন-১২ এর কাউন্সিলর কার্যালয় হিসেবে বরাদ্দ প্রদান করার আবেদন জানান।
সিদ্ধান্ত	:	১. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন থেকে সংশ্লিষ্ট নথি এনে আইনগত দিক বিবেচনা পূর্বক নথি উপস্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২. মোহাম্মদপুর টাউন হল এর ৪র্থ তলার অপদখল উচ্ছেদ এবং কমন বারান্দাসহ সংরক্ষিত আসন-১২ এর কাউন্সিলর কার্যালয় হিসেবে বরাদ্দ প্রদান করার বিষয়ে তদন্ত পূর্বক নথি উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
বাস্তবায়ন	:	প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-৪	:	**পরিত্যক্ত হিসাবে ঘোষিত রায়ের বাজার মার্কেটের বিদ্যমান অবকাঠামো অপসারণ প্রসঙ্গে।**
আলোচনা	:	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মালিকানাধীন পরিত্যক্ত হিসেবে ঘোষিত রায়ের বাজার বিদ্যমান অবকাঠামো জরুরি ভিত্তিতে অপসারণের বিগত ১৪/০১/২০১৯ তারিখ অনুষ্ঠিত সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উল্লেখ্য যে, বর্ণিত মার্কেটটি গত ২৪/০৪/২০০৬ তারিখ পরিত্যক্ত ঘোষণা করা হয়। সে প্রেক্ষিতে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উক্ত মার্কেটের অবকাঠামো নিলামে বিক্রয় করা হয়। নিলাম ক্রয়কারী প্রতিষ্ঠান উক্ত অবকাঠামোর ৩৩.৭৩% মালামাল অপসারণের পর মার্কেট সমিতির মামলার কারণে অবশিষ্ট মালামাল অপসারণ করতে পারেনি। গত ০৩/০১/২০১৬ সালে অনুষ্ঠিত ডিএনসিসি'র ১১তম কর্পোরেশন সভার সিদ্ধান্তমতে অবশিষ্ট অবকাঠামোর অর্থ আনুপাতিক হারে নিলাম ক্রয়কারী প্রতিষ্ঠানের ওয়ারিশানগণের অনুকূলে ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। বিদ্যমান অবকাঠামো অপসারণের লক্ষে নিলাম মূল্য নির্ধারণের জন্য সংশ্লিষ্ট অঞ্চল-৫ এর প্রকৌশল বিভাগে পত্র দেওয়া হয়েছে। ১৪/০১/২০১৯ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্তমতে পরিত্যক্ত হিসাবে ঘোষিত রায়ের বাজার মার্কেটের বিদ্যমান অবকাঠামো অপসারণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।
সিদ্ধান্ত	:	পরিত্যক্ত হিসাবে ঘোষিত রায়ের বাজার মার্কেটের বিদ্যমান অবকাঠামো আইনগতভাবে অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
বাস্তবায়ন	:	প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-৫	:	**ঢাকা উত্তর সিটি কর্পোরেশন "সড়ক খনন ক্ষতিপূরণ ফি-২০১৯" অনুমোদন প্রসঙ্গে।**
আলোচনা	:	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিদ্যমান সড়ক খনন ফি পুনঃনির্ধারণের জন্য গঠিত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সড়ক খনন ক্ষতিপূরণ ফি-২০১৯ কর্পোরেশন সভায় অনুমোদনের জন্য উত্থাপন করা হয়েছে।
সিদ্ধান্ত	:	"সড়ক খনন ক্ষতিপূরণ ফি -২০১৯" সর্বসম্মতভাবে অনুমোদন করা হয় এবং স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ৮২ ধারা অনুসারে সরকারের অনুমোদন গ্রহনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন	:	প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-৬	:	**কারওয়ান বাজার কিচেন মার্কেট পরিত্যক্ত ঘোষণা প্রসংগে।**
আলোচনা	:	প্রধান প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মালিকানাধীন ভবন/মার্কেটসমূহ সংস্কার/অপসারণ/পরিত্যক্ত ঘোষণা বিষয়ক সভা গত ১৪ জানুয়ারি ২০১৯ তারিখে অনুষ্ঠিত হয় । উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক কারওয়ান বাজার কিচেন মার্কেট পরিত্যক্ত ঘোষণার সিদ্ধান্ত গৃহীত হয়। বিদ্যমান মার্কেটটি অতীব জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ। বর্তমানে বিভিন্ন ফ্লোরে ভারী মালামাল থাকায় যে কোন সময় ধসে পড়ে ভয়াবহ দুর্ঘটনা ঘটে বিপুল প্রাণহানির আশংকা রয়েছে। অতীব জরুরী ভিত্তিতে মার্কেটটি পরিত্যক্ত ঘোষণা কার্যক্রম ত্বরান্বিত করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা আবশ্যক।
সিদ্ধান্ত	:	জানমাল রক্ষার্থে অতীব জরুরী ভিত্তিতে কারওয়ান বাজার কিচেন মার্কেটটি পরিত্যক্ত ঘোষণা করার প্রশাসনিক কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
বাস্তবায়ন	:	প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।